


W.B. HUMAN RIGHTS
COMMISSION
SALT LAKE,
KOLKATA - 91


46/WBHRC/SMC/19

11-4-2019

Enclosed is the news clipping of "বর্তমান" a Bengali daily, dated 8th April, 2019, the news item is captioned "বনগাঁ হাসপাতালে ওয়ার্ড থেকে ঘাড় ধরে বের করে দেওয়া হল মানসিক ভারসাম্যহীন রোগীকে"

Principal Secretary, Health and Family Welfare Department, Govt. of West Bengal is directed to submit a detailed report about the incident within 11th May, 2019.


(Justice G.C. Gupta)
Chairperson


(N. Mukherjee)
Member

বনগাঁ হাসপাতালে ওয়ার্ড থেকে ঘাড় ধরে বের করে দেওয়া হল মানসিক ভারসাম্যহীন রোগীকে

বিএনএ, বারাসত: ওয়ার্ডে ভর্তি থাকা এক মানসিক ভারসাম্যহীন রোগীকে ঘাড় ধরে টেনে হিঁচড়ে বাইরে বের করে দেওয়া হল। শুধু তাই নয়, হাসপাতালের বাইরে তিনি যখন মাটিতে শুয়ে কাঁদছিলেন, তখন জল ছুঁড়ে তাকে ভেজানো হল। রবিবার বনগাঁ মহকুমা হাসপাতালে এমনই অমানবিক ঘটনার অভিযোগ উঠেছে কয়েকজন আয়া ও কর্মীর বিরুদ্ধে। এই দৃশ্য দেখে হাসপাতালের অন্যান্য রোগীর আত্মীয়রা তীব্র প্রতিবাদ করেন। তাঁরা এহেন পাশবিক ঘটনার প্রতিবাদে তুমুল বিক্ষোভও দেখান। পুলিশ গিয়ে পরিস্থিতি সামাল দেয়।

পরে হাসপাতাল কর্তৃপক্ষ ওই মানসিক রোগীকে ফের ওয়ার্ডের ভিতরে নিয়ে যায়। এবং মূল অভিযুক্ত আয়াকে এদিনই সাসপেন্ড করা হয়। হাসপাতাল ও পুলিশ সূত্রে জানা

সাসপেন্ড অভিযুক্ত আয়া

গিয়েছে, ওই মানসিক ভারসাম্যহীন যুবক শহরে রাস্তার ধারে অসুস্থ হয়ে পড়েছিলেন। স্থানীয় সহৃদয় মানুষেরা বেশকিছু দিন আগে তাকে উদ্ধার করে হাসপাতালে ভর্তি করিয়েছেন। তাঁর নাম ও পরিচয় এখনও জানা যায়নি।

এদিন সকালে হাসপাতালের বাইরে অপেক্ষারত অন্যান্য রোগীর আত্মীয়রা দেখেন, ওই মানসিক রোগীকে টেনে হিঁচড়ে জনা কয়েক আয়া ও কর্মীরা টেনে ওয়ার্ড থেকে বের করছেন।

তারপর তাকে হাসপাতালের বাইরে ফেলে দিয়ে চলে যাচ্ছিলেন। ঠিক তখনই ওই মানসিক রোগী হাউ হাউ করে কাঁদতে থাকেন। প্রত্যক্ষদর্শীদের অভিযোগ, তখন বিন্দুমাত্র সহানুভূতির বদলে তারা দূর থেকে

জল এনে তাঁর গায়ের উপর ছুঁড়ে দেয়। তারপরই সকলে ক্ষোভে ফেটে পড়েন। বিক্ষোভ শুরু হতেই ওই আয়ারা ভিতরে চলে যায়। খবর পেয়ে পুলিশও আসে। বিক্ষোভকারীরা পুলিশকে বলেন, দোষীদের বিরুদ্ধে ব্যবস্থা নিতে। এবং ওই রোগীকে ওয়ার্ডের নিয়ে গিয়ে ভর্তি করতে। তারপর হাসপাতাল কর্তৃপক্ষের হস্তক্ষেপে তাকে ওয়ার্ডে নিয়ে যাওয়া হয়।

অনেকে বলছেন, মানসিক ভারসাম্যহীন রোগীকে সুস্থ করে হাসপাতাল থেকে বাড়ি ফেরানোর গল্প প্রায়ই শোনা যায়। বহু হাসপাতাল

কর্তৃপক্ষ এই উদ্যোগ নিয়ে থাকে। কিন্তু ভর্তি থাকা মানসিক ভারসাম্যহীন রোগীকে ঘাড় ধরে বের দেওয়ার অমানবিক ঘটনা নজিরবিহীন। হাসপাতাল কর্তৃপক্ষের উচিত কড়া পদক্ষেপ নেওয়া। এ ব্যাপারে বনগাঁ মহকুমা হাসপাতালের সুপার ডাঃ শংকর প্রসাদ মাহাত বলেন, আমি আজ হাসপাতালে নেই। তবে ঘটনার কথা শোনার পরই একজন আয়াকে সাসপেন্ড করা হয়েছে। সোমবার অফিসে গিয়ে পুরো ঘটনাটি খতিয়ে দেখব। এই ঘটনায় আরও কেউ যুক্ত থাকলে তাদের বিরুদ্ধেও প্রয়োজনীয় ব্যবস্থা নেওয়া হবে।